দৈনিক ইনকিলাব

তারিখ 22 MAY 2009
পৃষ্ঠা ৩ কলাম ৩



প্রেসিডেন্ট মোঃ জিল্লুর রহমানের সঙ্গে গতকাল বঙ্গভবনে সরকারী-বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরবৃন্দ সাক্ষাৎ করেন

# বিশ্ববিদ্যালয়গুলোতে তথ্য-প্রযুক্তি ভিত্তিক শিক্ষা চালু করতে হবে : প্রেসিডেন্ট

বাসস : প্রেসিডেন্ট জিল্লুর রহমান ২০২১ সালের মধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার আহ্বানের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়গুলোতে তথ্য-প্রযুক্তি নির্ভর শিক্ষা চালু করার ওপর জোর দিয়েছেন। 'দেশকে সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যেতে সরকারী ও বেসরকারী উভয় বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার মান ও তথ্য-প্রযুক্তির অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে', সাতটি সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ভিসিগণ গতকাল প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি একথা বলেন। সাক্ষাৎকালে তিনি আরো বলেন, দেশের সকল নাগরিকের জন্য শিক্ষা নিশ্চিত করতে বর্তমান সরকার শিক্ষা খাতে সবচেয়ে বেশী গুরুত্ব দিচ্ছে। বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলর, প্রেসিডেন্ট জিল্লুর রহমান মেধাবীদের বিকাশে ভারসাম্য আনতে বিশ্ববিদ্যালয় স্তরে বিজ্ঞানের বিষয়গুলোকে জনপ্রিয় করতে পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন।

বিশ্ববিদ্যালয়গুলোকে মুক্ত চিন্তা চর্চার উৎকর্ষ কেন্দ্র হিসেবে আখ্যায়িত করে তিনি ভিসিদের নিজ নিজ বিশ্ববিদ্যালয়ে পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ড বৃদ্ধি করার পরামর্শ দেন, যাতে শিক্ষার্থীরা নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে পারে। 'বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের বিশেষ আর্থিক সহায়তা দিতে পারে, যাতে তারাও উচ্চ শিক্ষার সুযোগ পায়' উল্লেখ করে তিনি বলেন, 'বেসরকারী বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয়তা এখন দেশের বাস্তবতা'। প্রতিনিধিদলে ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক সঞ্জয় কুমার অধিকারী, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক সৈয়দ সাখাওয়াত হোসেন, নর্থ-সাউথ ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক হাফিজ জিএ সিদ্দিকী, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক বজলুল এম চৌধুরী, নর্দার্ন ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক এডব্লিউএম আব্দুল হক, সাউদার্ন ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক একেএম নুরুদ্দিন চৌধুরী এবং ইন্টারন্যাশনাল ইসলামিক বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এম মাহবুবুল্লাহ। প্রতিনিধি দলের সদস্যগণ প্রেসিডেন্টকে তাদের স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করেন এবং বলেন, তারা স্ব স্ব প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করায় অঙ্গীকারাবদ্ধ। বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ভিসিগণ তাদের বিশ্ববিদ্যালয়ে আধুনিক গবেষণাগার স্থাপন করেছেন বলে প্রেসিডেন্টকে জানান এবং তারা এও জানান যে, তাদের বিশ্ববিদ্যালয়ে তারা পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডের ব্যবস্থা রেখেছেন। তারা ঢাকায় বেসরকারী বিশ্ববিদ্যালয়ের জমি প্রাপ্তি ও তা নিবন্ধনের ব্যাপারে শর্তাবলী সহজ করার ব্যাপারে প্রেসিডেন্টের দৃষ্টি আকর্ষণ করেন।